

মোংলা উপজেলার ডিসেম্বর/২০২১ মাসের মাসের মহিলা ও শিশু উন্নয়ন কমিটির দ্বিমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মিসেস কামরুন নাহার হাই
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মোংলা, বাগেরহাট।
তারিখ : ২৬/১২/২০২১ খ্রিঃ
সময় : ১১.১৫মিঃ
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
মোংলা, বাগেরহাট।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন প্রকার সংযোজন বা সংশোধন না থাকায় সর্বসম্মতিভাবে অনুমোদিত হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় যা নিম্নরূপ

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ও সদস্য সচিব সভায় জানান যে, আলোচ্য মাসে মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির বিভিন্ন দিক তুলে ধরে মহিলাদের স্বাবলম্বি হওয়ার জন্য দরিদ্র মার মাতৃত্বকাল ভাতাভোগী ও ল্যাকটেটিং মাদার সহায়তা ভাতাভোগীদের প্রশিক্ষণ, আইজিএ প্রশিক্ষণ ও ভিজিডি উপকারভোগীদের প্রশিক্ষণ চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনা শেষে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ নারী নির্যাতন সম্পর্কিত স্থানীয় অভিযোগ উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। এছাড়া নারীদের স্বাবলম্বি করনে কর্মমুখি প্রশিক্ষনের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি উপজেলা নারী ও শিশু উন্নয়ন কমিটি
০২	উপজেলার আহাঙ্গী নারীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষনের ব্যবস্থা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দপ্তর ভিত্তিক সুবিধাভোগীদের প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। এপ্রকল্পের সহযোগিতায় বেকার নারীদের বুটিক-বাটিক প্রশিক্ষণ দেয়া গেলে এবং তাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণের ব্যবস্থা চালু থাকলে তাদের কর্মস্থানের সুযোগ সৃষ্টি হবে। এ কারণে প্রশিক্ষণটির একান্ত প্রয়োজন।	স্থানীয় চাহিদা বিবেচনায় উক্ত প্রশিক্ষণটি গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোংলা, বাগেরহাট।

পরিশেষে সভাপতি উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি নির্বিশেষে সকলের সহযোগিতা কমানা করা হয়। সভায় সিদ্ধান্ত বাস্তবায়নের উপর গুরুত্বরূপ করে সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মিসেস কামরুন নাহার হাই

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

মোংলা, বাগেরহাট।

তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ

স্মারক নং-৩২.০১.০০০০.০১৫৮.০০.১৬.২১- ৮২

সদস্য জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা ও সভাপতি উপজেলা নারী উন্নয়ন ফোরাম, মোংলা, বাগেরহাট।
- ০৪। চেয়ারম্যান..... পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ০৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাগেরহাট।
- ০৬। অফিস কপি

২৬/১২/২০২১

ইশরৎ জাহান

সদস্য সচিব

মহিলা ও শিশু উন্নয়ন কমিটির

ও

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

মোংলা, বাগেরহাট।